07

দৈনিক ইনকিলাব

তারিখ 22 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৮

a

## সংসদে প্রশ্নোত্তর

# এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নমালা বাতিল করা হবে না

*// সংসদ রিপোর্টার //*

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেছেন, এসএসসি পরীক্ষায় প্রচলিত নৈর্ব্যক্তিক প্রশ্নমালা বাতিলের কোন পরিকল্পনা সরকারের নেই। তবে, এই পদ্ধতিকে সংস্কার করা হবে। ভবিষ্যতে ৫শ' প্রশ্নের মধ্যে প্রশ্নমালা সীমাবদ্ধ থাকবে না। এমনভাবে প্রশ্নমালা তৈরী করা হবে— যাতে শিক্ষার্থীদের সমস্ত বই পড়তে হয়।

শিক্ষামন্ত্রী গতকাল জাতীয় সংসদে আওয়ামী লীগের জনাব শামসুল হকের এক প্রশ্নের উত্তরে উপরোক্ত বক্তব্য রাখেন।

**প্রসঙ্গ ঃ প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশন**

সংসদ সদস্য জনাব আবদুর রউফ মিয়ার এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারী

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## সংসদে প্রশ্নোত্তর

প্রথম পৃষ্ঠার পর

প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশন স্থগিত আদেশ প্রত্যাহারের বিষয়টি মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে।

**সায়েন্স ল্যাবরেটরীতে ২৭৩টি পদ্ধতি উদ্ভাবন**

আওয়ামী লীগের ডাঃ মোজাম্মেল হোসেনের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর গবেষণা কর্মকর্তাগণ এ পর্যন্ত ২শ' ৭৩টি পদ্ধতি উদ্ভাবন করেছেন। উক্ত সংস্থার গবেষণা ও প্রাতিষ্ঠানিক কাজের জন্য বিগত ৫ বছরের বার্ষিক ব্যয় গড়ে ৯ কোটি ৩০ লাখ টাকা।

**বিশ্ববিদ্যালয়ে ৫২ শতাংশ শিক্ষার্থী আবাসিক**

জামায়াতে ইসলামীর শাহ মুঃ রুহুল কুদ্দুসের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, দেশের ৯টি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে মোট ৫৪ হাজার ৩শ' ২০ জন ছাত্র-ছাত্রী রয়েছেন। ছাত্র-ছাত্রীদের শতকরা ৫১ দশমিক ৮০ ভাগ আবাসিক সুযোগ-সুবিধা ভোগ করছেন বলে তিনি জানান। জামায়াতের মাওলানা হাবিবুর রহমানের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, সরকার ইসলামী বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার পরিকল্পনা নিয়েছে। জনাব হাবিবুর রহমানের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, কোন বেসরকারী মাদ্রাসাকে জাতীয়করণ করার কোন পরিকল্পনা সরকারের নেই।